

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯২৪

৪৮/ কুরআনের ফ্যীলত (ﷺ স্থাটা এটা القرآن عن رسول الله)

পরিচ্ছেদঃ নবী (ﷺ) এর কিরা'আত কেমন ছিল?

بَابُ مَا جَاءَ كَيْفَ كَانَتْ قِرَاءَةُ النَّبِيِّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

## আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْتُ، عَنْ مُعَاوِيَة بْنِ صَالِحٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَيْسٍ، هُوَ رَجُلٌ بَصْرِيٌّ قَالَ سَأَلْتُ عَائِشَةَ عَنْ وِتْرِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم كَيْفَ كَانَ يُوتِرُ مِنْ أَوَّلِ اللَّيْلِ وَرُبَّمَا أَوْتَرَ مِنْ أَوَّلِ اللَّيْلِ وَرُبَّمَا أَوْتَرَ مِنْ أَوَّلِ اللَّيْلِ وَرُبَّمَا أَوْتَرَ مِنْ أَوْلِ اللَّيْلِ وَرُبَّمَا أَوْتَرَ مِنْ أَخِرِهِ فَقَالَت كُلُّ ذَلِكَ قَدْ كَانَ يَصِنْغُ رُبَّمَا أَوْتَرَ مِنْ أَوْلِ اللَّيْلِ وَرُبَّمَا أَوْتَرَ مِنْ أَخِرِهِ . فَقُلْتُ الْحَمْدُ لِلَّهِ الَّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً فَقُلْتُ كَيْفَ كَانَ رُبَّمَا أَسَرَّ وَرُبَّمَا جَهَرَ أَكَانَ يُسِرُّ بِالْقِرَاءَةِ أَمْ يَجْهَرُ قَالَت كُلُّ ذَلِكَ قَدْ كَانَ يَفْعَلُ قَدْ كَانَ رُبَّمَا أَسَرَّ وَرُبَّمَا جَهَرَ قَالَ فَقُلْتُ الْحَمْدُ لِلَّهِ الَّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً قُلْتُ فَكَيْفَ كَانَ يَصْنَعُ فِي الْجَنَابَةِ أَكَانَ يَعْتَسِلُ قَلْلُ أَنْ يَنَامُ أَنْ يَنَامُ قَبْلَ أَنْ يَغْتَسِلُ قَالَت كُلُّ ذَلِكَ قَدْ كَانَ يَفْعَلُ فَرُبَّمَا اغْتَسَلَ عَلْكُ فَرُبَّمَا اغْتَسَلَ فَقُلْمَ وَوُبُّ مَا تَوَضَّأَ فَنَامَ قُلْتُ الْمُحُمْدُ لِلَّهِ الَّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً . قَالَ أَبُو عِيسَى هَذَا عَلَا مَوْدِبٌ مِنْ هَذَا الْوَجْهِ . وَدَيتٌ حَسَنٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ .

## বাংলা

২৯২৪. কুতায়বা (রহঃ) ..... আবদুল্লাহ্ ইবন কায়স (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আয়িশা রাদিয়াল্লাহ্ আনহা-কে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর বিতর সম্পর্কে জিজ্ঞাসা করলাম যে, তিনি কেমন করে বিতরের সালাত (নামায) আদায় করতেন? রাতের প্রথম ভাগে আদায় করতেন না শেষ ভাগে?

তিনি বললেন, সব রকমেই তিনি তা করতেন। কখনও রাতের প্রথম ভাগে বিতর পড়ে নিতেন, আবার কখনও রাতের শেষ ভাগে।

আমি বললামঃ আল্লাহর শোকর যে, তিনি এ ব্যাপরে সুযোগ রেখেছেন।

আমি, বললামঃ তাঁর কিরআত কেমন ছিল? তিনি তা উচ্চঃস্বরে পঠ করতে না চুপি চুপি পাঠ করতেন? তিনি বললেনঃ সব রকমেই তিনি করতেন। কোন কোন সময় চুপি চুপি পাঠ করতেন আবার কোন কোন সময়



উচ্চঃস্বরে পাঠ করতেন।

আমি বললামঃ আল্লাহর শোকর যে, তিনি এ ব্যাপারে অবকাশ রেখেছেন।

আমি বললামঃ জানাবাতের গোসলের ক্ষেত্রে কেমন করতেন? তিনি নিদ্রাগমনের পূর্বেই এই গোসল করে নিতেন, না গোসল না করেই ঘুমাতেন?

তিনি বললেনঃ সব রকমেই তিনি করতেন। কোন কোন সময় গোসল করে ঘুমিয়েছেন আবার অনেক সময় কেবল উযু করেই ঘুমিয়েছেন।

আমি বললামঃ আল্লাহর শোকর যে, তিনি এ ব্যাপারে অবকাশ রেখেছেন।

সহীহ, সহীহ আবু দাউদ ২২২-১২৯১, মুসলিম, বুখারি শুধু বিতর সংক্রান্ত বিষয়ে আরো পূর্ণভাবে বর্ণিত হয়েছে, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯২৪ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি এই সূত্রে হাসান-গারীব।

## **English**

Narrated 'Abdullah bin Abi Qais [A man from Al-Basrah]:

"I asked 'Aishah about the Witr of the Messenger of Allah (ﷺ), how would he perform Witr, was it during the first part of the night or the end of it? She said: 'All of that. Sometimes he would perform Witr during the first part of the night, and sometimes he would perform Witr during the end of it.' So I said: 'All praise is due to Allah who made the matter accommodating.' I said: 'How was his recitation, was he quiet with recitations or loud?' She said: 'He would do all of that. Sometimes he would recite quietly and sometimes aloud.' I said: 'All praise is due to Allah who made the matter accommodating. He said: 'I said: 'How would he deal with sexual impurity? Would he perform Ghusl prior to sleeping or would he sleep prior to Ghusl?' She said: 'He would do all of that. Sometimes he would perform Ghusl then sleep, and sometimes he would perform Wudu and then sleep.' I said: 'Allah praise is due to Allah who made the matter accommodating.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন কায়স আল-আশ'আরী (রহ,)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন